14 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

দৈনিক
আমাদের সময়

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিবৃতি

# কলেজ শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি তদারকির নির্দেশ

নিজস্ব প্রতিবেদক ● জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সব কলেজকে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি তদারকির নির্দেশ দেওয়া হয়েছে। দেশে উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষাপটে গতকাল বুধবার এক বিবৃতির এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

## কলেজ শিক্ষার্থীদের নিয়মিত

(প্রথম পৃষ্ঠার পর) মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ এ নির্দেশ দেন। বিবৃতিতে বলা হয়, শিক্ষার্থীদের নিয়মিত হাজিরা গ্রহণ করতে হবে। যেসব কলেজে আবাসিক হোস্টেল আছে, সেসব হোস্টেলে শিক্ষার্থীদের দৈনিক হাজিরা নিশ্চিত করতে হবে। প্রাইভেট শিক্ষার্থীদের ক্ষেত্রে অভিভাবকদের নজরদারি বৃদ্ধি করতে হবে।

আরও নির্দেশনা দেওয়া হয়, গরহাজির শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও তাদের অভিভাবকদের কাছে-পাঠাতে হবে। ক্রীড়া, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও অন্যান্য সহপাঠ কার্যক্রম নিয়মিত আয়োজন করতে হবে। উল্লিখিত ব্যবস্থা নিশ্চিত করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রগুলোকে নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে অবহিত করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রগুলো থেকে এসব পদক্ষেপের বাস্তবায়ন মনিটরিং করে এবং অন্যান্য অ্যাকাডেমিক কার্যক্রমের পাশাপাশি এ বিষয়টির বাস্তবায়ন প্রক্রিয়া পর্যবেক্ষণ করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে টিম পাঠানো হবে। বিবৃতিতে উপাচার্য বলেন, তরুণ শিক্ষার্থীদের কেউ-কেউ যেভাবে বিভ্রান্ত ও বিপথগামী হয়ে সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে, নিরপরাধ মানুষের প্রাণহানি ঘটাচ্ছে, দেশের স্বার্থ ক্ষতিগ্রস্ত করছে, নিজেদের পরিবারের জন্য বিপর্যয় ডেকে আনছে এবং সর্বোপরি নিজেদের জীবন বিপন্ন করছে, তাতে সমগ্র দেশবাসীর সঙ্গে আমরাও গভীরভাবে উদ্বিগ্ন। তিনি বলেন, আমাদের দেশের মানুষ শান্তি, সম্প্রীতি ও সহনশীলতার পক্ষে। হত্যা, খুন, সন্ত্রাস দ্বারা বাংলাদেশের সমাজ-রাষ্ট্রের মূল ভিত্তিকে ধ্বংস করা কারো পক্ষে যে সম্ভব নয়, আমাদের ইতিহাস বারবার তা প্রমাণ দিয়েছে। অতএব নৈরাজ্য, নৈরাশ্য, অন্ধত্ব ও বিপথগামিতার পথ থেকে সুস্থ চিন্তা ও স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য আমি এসব তরুণের প্রতি আহ্বান জানাচ্ছি।